“নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(প্রশাসন অধিশাখা)
১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

**বিষয় : ২০২২-২৩ অর্থবছরের এপ্রিল, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মো: নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | : ২৮-০৫-২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ (লেভেল-১৩) |
| উপস্থিতি | : **পরিশিষ্ট-ক** |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১। | গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | ১৭-০৪-২০২৩ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে উপস্থিত সকলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানান। | ১৭-০৪-২০২৩ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | সহকারী মহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) |
| ২। | আলোচ্য বিষয় অন্তর্ভুক্তি | সহকারী মহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) বলেন যে, সভার কার্যপত্রের আলোচ্যসূচিতে নতুন কোন বিষয় পাওয়া যায়নি, নতুন বিষয় অন্তর্ভূক্তির প্রস্তাব পাওয়া গেলে তা আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হবে। | পরবর্তী সভার কার্যপত্রের আলোচ্যসূচিতে নতুন কোন বিষয় অন্তর্ভুক্ত করতে চাইলে সংশ্লিষ্ট সকলকে সভা অনুষ্ঠানের অন্তত ০৩ (তিন) কার্যদিবস পূর্বে সভাপতি বরাবর সে বিষয়ে লিখিত প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হ’ল। | ১। উপমহাপরিদর্শক (সকল)<br>২। সহকারী মহাপরিদর্শক (প্রশাসন শাখা) |

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td></tr>
<tr><td>৩।</td><td>LIMA<br>সংক্রান্ত কার্যক্রম</td><td>ক) সভাপতি লিমার মাধ্যমে এপ্রিল, ২০২৩ মাসে ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের নতুন লাইসেন্স প্রদান, লাইসেন্স নবায়ন, পরিদর্শন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি নিম্নরূপে উপস্থাপন করেন
<table>
<tr><th>কার্যক্রম</th><th>লিমা</th><th>ম্যানুয়ালি</th><th>মোট</th></tr>
<tr><td>নতুন লাইসেন্স প্রদান</td><td>৬৮৯</td><td>৮৩</td><td>৭৭২</td></tr>
<tr><td>লাইসেন্স নবায়ন</td><td>২৬৮</td><td>১০৯</td><td>৩৭৭</td></tr>
<tr><td>শ্রম পরিদর্শন</td><td>১১২৬</td><td>২৫৪৭</td><td>৩৬৭৩</td></tr>
</table>
সভাপতি যেসকল কার্যালয় এখনো ম্যানুয়ালি কার্যক্রম চালিয়ে যাচ্ছে তাদেরকে লিমার মাধ্যমে সকল কার্যক্রম অর্থাৎ লাইসেন্স, লে-আউট, নবায়ন, পরিদর্শন সংক্রান্ত সকল কার্যক্রম লিমার মাধ্যমে সম্পন্ন করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি ম্যানুয়াল এবং লিমার মাধ্যমে লাইসেন্স, লে-আউট, নবায়ন, পরিদর্শন সংক্রান্ত সকল কার্যক্রম যথাযথভাবে সংশ্লিষ্ট লিংকের মধ্যে ইনপুট প্রদানের এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।<br><br>গ) উপমহাপরিদর্শক, যশোর ও নরসিংদী সভাপতির দৃষ্টি আকর্ষণ করে জানান যে, লিমার মাধ্যমে নতুন লাইসেন্স এবং নবায়নের প্রদানের ক্ষেত্রে তারিখ নিয়ে জটিলতা তৈরি হচ্ছে। সভাপতি লিমা সার্পোট টিমকে টেকনোভিস্তার সাথে যোগাযোগ করে সমস্যাটির সমাধানের জন্য নির্দেশনা প্রদান করেন।</td><td>ক) উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে লাইসেন্স, লে-আউট, নবায়ন, পরিদর্শন সংক্রান্ত সকল কার্যক্রম লিমার মাধ্যমে সম্পাদন করতে হবে।<br><br>খ) ম্যানুয়াল এবং লিমার মাধ্যমে লাইসেন্স, লে-আউট, নবায়ন, পরিদর্শন সংক্রান্ত সকল কার্যক্রম যথাযথভাবে সংশ্লিষ্ট লিংকের মধ্যে ইনপুট প্রদান এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br><br>গ) লিমা সার্পোট টিমকে টেকনোভিস্তার সাথে যোগাযোগ করে নতুন লাইসেন্স এবং নবায়নের প্রদানের ক্ষেত্রে তারিখ নিয়ে সৃষ্ট সমস্যার সমাধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন</td><td>১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সেইফটি)<br><br>৩। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br><br>৪ উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৪। LIMA সাপোর্ট টিম</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৪।</td><td>অভিযোগ</td><td>ক) সভাপতি হেল্পলাইন (১৬৩৫৭)-এ প্রাপ্ত অভিযোগসমূহের নিষ্পত্তির তথ্য জানতে চাইলে উপমহাপরিদর্শক (সাধারণ শাখা) বলেন, জুলাই/২০২২ থেকে এপ্রিল/২০২৩ খ্রি. পর্যন্ত হেল্পলাইনে প্রাপ্ত মোট অভিযোগ নিষ্পত্তির হার ৪৫.৯২%।<br>
<table>
<tr><th>মোট প্রাপ্ত অভিযোগ</th><th>নিষ্পত্তিকৃত অভিযোগ</th><th>অনিষ্পন্ন অভিযোগ</th><th>নিষ্পত্তির শতকরা হার</th><th>অনিষ্পত্তির শতকরা হার</th></tr>
<tr><td>৮৯৫</td><td>৪১১</td><td>৪৮৪</td><td>৪৫.৯২%</td><td>৫৪.০৮%</td></tr>
</table>
# এপ্রিল/২০২৩ খ্রি. মাসে হেল্পলাইনে প্রাপ্ত অভিযোগের ৪.৮৬% নিষ্পত্তি করা হয়েছে।<br>
<table>
<tr><th>মোট প্রাপ্ত অভিযোগ</th><th>নিষ্পত্তিকৃত অভিযোগ</th><th>অনিষ্পন্ন অভিযোগ</th><th>নিষ্পত্তির শতকরা হার</th><th>অনিষ্পত্তির শতকরা হার</th></tr>
<tr><td>১৮৫</td><td>০৯</td><td>১৭৬</td><td>৪.৮৬%</td><td>৯৫.১৪%</td></tr>
</table>
খ) ১) সভাপতি শ্রমিকের নিকট থেকে প্রাপ্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিতে লিমা ব্যবহার করা প্রসঙ্গে জানতে চাইলে উপমহাপরিদর্শক (সাধারণ শাখা) বলেন, শ্রমিকের নিকট থেকে প্রাপ্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিতে লিমা ব্যবহার করা প্রসঙ্গে গত ১৫ মার্চ, ২০২৩ স্মারক নং ৪০.০১.০০০০.১০২.১৮.০০২.২০.৭১৯ এর মাধ্যমে একটি পত্র জারি করা হয়।<br>
২) এপ্রিল, ২০২৩ মাসে লিমাতে প্রাপ্ত অভিযোগের ৩৩.৩৩% নিষ্পন্ন করা হয়েছে।<br>
<table>
<tr><th>এপ্রিল/২৩ মাসে প্রাপ্ত অভিযোগ</th><th>মার্চ/২৩ জের</th><th>লিমাতে প্রাপ্ত মোট অভিযোগ</th><th>নিষ্পন্ন অভিযোগ</th><th>অনিষ্পন্ন অভিযোগ</th><th>অনিষ্পন্নের হার</th></tr>
<tr><td>১৬</td><td>০৫</td><td>২১</td><td>০৭</td><td>১৪</td><td>৬৬.৬৭%</td></tr>
</table>
</td><td>ক) উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)-কে হেল্প লাইনে (১৬৩৫৭) প্রাপ্ত অভিযোগের ক্ষেত্রে নিষ্পন্ন ও অনিষ্পন্নের তথ্য উপস্থাপনের পাশাপাশি কোন কার্যালয়ের কাছে কতটি অনিষ্পন্ন অভিযোগ আছে তার তথ্য ছক আকারে প্রতিটি সভায় উপস্থাপন করতে হবে।<br><br>
খ) ১) লিমাতে প্রতিটি অভিযোগ ইনপুট প্রদান করতে হবে;<br>
২) যদি কোন কারণে লিমাতে ইনপুট প্রদান করা না যায় সেক্ষেত্রে পূর্বে আইএলও কর্তৃক প্রস্তুতকৃত অভিযোগের ফরমেট অনুযায়ী মাঠ পর্যায়ের অফিসসমূহে অভিযোগ প্রেরণ করতে হবে; এবং</td><td>১। উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা)</td></tr>
</table>

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | ৩) সভাপতি বাণিজ্য মন্ত্রনালয় কর্তৃক "আউটসোসিং এর মাধ্যমে সেবা নির্বাচন এবং আউটসোসিং এর সম্ভাব্য পদ্ধতি নির্ধারণ সংক্রান্ত অগ্রগতি জানতে চাইলে উপমহাপরিদর্শক (সাধারণ শাখা) বলেন, বাণিজ্য মন্ত্রনালয় কর্তৃক "আউটসোসিং এর মাধ্যমে সেবা নির্বাচন এবং আউটসোসিং এর সম্ভাব্য পদ্ধতি নির্ধারণ সংক্রান্ত ২য় সভা" এর কার্যবিবরনীটি সংগ্রহ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর ২ নং অনুচ্ছেদ এর (গ) (i) নং এ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে আউটসোসিং প্রক্রিয়ার মাধ্যমে DIFE হেল্পলাইনে জনবল সরবরাহের বিষয়ে উল্লেখ করা হয়। বর্তমানে অত্র দপ্তরের হেল্পলাইনের জন্য ১৬ জন জনবল ও বাজেট চেয়ে সরকারের নিকট পত্র প্রেরণের কার্যক্রমটি অত্র দপ্তরের মানব সম্পদ উন্নয়ন শাখায় প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি পরবর্তী সভায় হেল্পলাইন (১৬৩৫৭)-এ প্রাপ্ত অভিযোগসমূহের নিষ্পত্তির তথ্য, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিতে লিমা ব্যবহার এবং আউটসোসিং এর মাধ্যমে সেবা নির্বাচন এবং আউটসোসিং এর সম্ভাব্য পদ্ধতি নির্ধারণ বিষয়ক অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ৩) বাণিজ্য মন্ত্রনালয় কর্তৃক "আউটসোসিং এর মাধ্যমে সেবা নির্বাচন এবং আউটসোসিং এর সম্ভাব্য পদ্ধতি নির্ধারণ সংক্রান্ত ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী হেল্পলাইনের জন্য জনবল ও বাজেট চেয়ে সরকারের নিকট পত্র প্রেরণ করতে হবে। এক্ষেত্রে উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)-কে সার্বিক সমন্বয় করতে হবে এবং পরবর্তী সভায় এর অগ্রগতি উপস্থাপন করতে হবে। | |
| ৫। | শিশুশ্রম নিরসন | সভাপতি শ্রম হতে নিরসনকৃত শিশুর সংখ্যাগত তথ্য **(মোবাইল নাম্বারসহ)** জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) বলেন, ২০২২-২৩ অর্থবছর জুলাই, ২০২২ হতে এপ্রিল, ২০২৩ পযন্ত নিরসনকৃত শিশুর সংখ্যা ৩২১২ জন যা এপিএ'র লক্ষ্যমাত্রা ২৫০০ জনের অধিক। এপ্রিল, ২০২৩ মাসে নিরসনকৃত শিশুর সংখ্যা ২০৮ জন।<br><br>APA লক্ষ্যমাত্রা: ২৫০০; ৩১ কার্যালয়ের লক্ষ্যমাত্রা: ৩২৬৫; অর্জন: ৩২১২; হার: ৯৮%<br><br>সভাপতি শ্রম হতে নিরসনকৃত যেসকল শিশুর মোবাইল নম্বর আছে কেবল সেকল শিশুর তথ্য উপস্থাপন করার এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | শ্রম হতে নিরসনকৃত শিশুর সংখ্যাগত তথ্য **(মোবাইল নাম্বারসহ)** ৩১টি কার্যালয় হতে সংগ্রহ করতে হবে এবং শ্রম হতে নিরসনকৃত যেসকল শিশুর মোবাইল নম্বর আছে কেবল সেকল শিশুর তথ্য যুগ্ম-মহাপরিদর্শক (স্বাস্থ্য)-কে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) |

Nested table in item ৫ (আলোচনা column):

| APA লক্ষ্যমাত্রা | ৩১ কার্যালয়ের লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
|---|---|---|---|
| ২৫০০ | ৩২৬৫ | ৩২১২ | ৯৮% |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ৬। | APA বাস্তবায়ন সংক্রান্ত। | ক) সভাপতি ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত সকল সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ নিশ্চিত করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে এ সংক্রান্ত তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ক) ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত সকল সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ নিশ্চিত করতে হবে এবং এপিএ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | জনাব মনোয়ার হোসেন<br>পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | | খ) সভাপতি APA লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত সকল প্রমাণক সঠিকভাবে সংগ্রহপূর্বক তা সংরক্ষণ এবং দপ্তরের সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা মন্ত্রণালয়ের সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে ইন-পারসন যোগাযোগ করে মন্ত্রণালয়ে প্রেরণ করার কার্যক্রম অব্যাহত রাখা এবং সংশ্লিষ্ট ডেস্কে সঠিকভাবে পৌছালো কিনা তা নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। | খ) APA লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত সকল প্রমাণক সংগ্রহপূর্বক তা সংরক্ষণ করতে হবে এবং দপ্তরের সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা মন্ত্রণালয়ের সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে ইন-পারসন যোগাযোগ করে সংশ্লিষ্ট প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট ডেস্কে সঠিকভাবে পৌছালো কিনা তা নিশ্চিত করতে হবে। | |
| | | গ) সভাপতি এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রতিমাসে দপ্তরের স্টাফ সভা এবং মাসিক সমন্বয় সভার পূর্বেই ৩১টি কার্যালয়ের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে অনলাইনে সভা করার নির্দেশনা প্রদান করেন। | গ) এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রতিমাসে দপ্তরের স্টাফ সভা এবং মাসিক সমন্বয় সভার পূর্বেই ৩১টি কার্যালয়ের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে অনলাইনে সভা করতে হবে। | |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | ঘ) সভাপতি মন্ত্রণালয়ের এপিএ (APA)-এর সূচকে লাইসেন্সের যে সংখ্যা নির্ধারণ করা হয়েছে তা অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে নির্দেশনা প্রদান করেন। | ঘ) মন্ত্রণালয়ের এপিএ (APA)-এর সূচকে লাইসেন্সের যে সংখ্যা নির্ধারণ করা হয়েছে তা অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | |
| ৭। | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | সভাপতি উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে শুদ্ধাচার, এপিএ, ইনোভেশনসহ অন্যান্য প্রশিক্ষণের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা কত তা উল্লেখপূর্বক সে অনুযায়ী প্রশিক্ষণের বিষয়, প্রশিক্ষণার্থীর সংখ্যা এবং প্রশিক্ষণ ঘণ্টা সুনির্দিষ্টভাবে উল্লেখ করে প্রধান কার্যালয়ের প্রশাসন শাখায় প্রতিমাসে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন এবং পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে শুদ্ধাচার, এপিএ, ইনোভেশনসহ অন্যান্য প্রশিক্ষণের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা কত তা উল্লেখপূর্বক সে অনুযায়ী প্রশিক্ষণের বিষয়, প্রশিক্ষণার্থীর সংখ্যা এবং প্রশিক্ষণ ঘণ্টা সুনির্দিষ্টভাবে উল্লেখ করে তার তথ্য প্রধান কার্যালয়ের প্রশাসন শাখায় প্রতি মাসে প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন উপশাখা)<br>৩।উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। SDG বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৮। | বাজেট বরাদ্দ | ক) সভাপতি উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের অনুকূলে বাজেট যথাযথভাবে **PPA-২০০৬** এবং **PPR-২০০৮** অনুসরণপূর্বক ব্যয় করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি বলেন প্রধান কার্যালয়ের মনিটরিং টিম বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় নিশ্চিত করার ক্ষেত্রে কার্যালয় পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করার নির্দেশনা প্রদান করেন। | ক) সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ের অনুকূলে বরাদ্দকৃত বাজেট সরকারি অনুশাসন মোতাবেক ব্যয় করতে হবে।<br><br>**খ)** প্রধান কার্যালয়ের মনিটরিং টিম বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় নিশ্চিত করার ক্ষেত্রে কার্যালয় পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদনে তা উল্লেখ করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br>৩। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা)<br>৪। মনিটরিং টিমের সদস্যবৃন্দ<br>৫। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০৯। | Industrial safety unit (ISU) | সভাপতি ইউরোপিয় ইউনিয়নের এ্যাকশন প্ল্যান (২০২১-২০২৬) ক্যাটাগরি-১ ভুক্ত কারখানার অগ্রগতি জানতে চাইলে সহকারী মহাপরির্শক (সেইফটি শাখা) জনাব মো: আকিদ- উল- হাসান জানান যে, ক্যাটাগরি-১ ভুক্ত ১৭৩টি কারখানার মধ্যে CAP completion সনদ প্রদান করা হয়েছে ৩৭টিতে, বন্ধ আছে ৩৩টি এবং ১১টি কারখানার UD বাতিল করার জন্য BGMEA কে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>অবশিষ্ট ৯২টি কারখানার পরিদর্শন ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। সভাপতি কার্যক্রম অব্যাহত রাখার এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ইউরোপিয় ইউনিয়নের এ্যাকশন প্ল্যান (২০২১-২০২৬) ক্যাটাগরি-১ ভুক্ত কলকারখানা পরিদর্শন করতে হবে এবং কারখানাগুলোর CAP Completion সনদ প্রদানের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)<br>২। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ<br>৩। জনাব মো: আকিদ- উল- হাসান,<br>সহকারী মহাপরির্শক (সেইফটি শাখা) |
| ১০। | ইনোভেশন কার্যক্রম | সভাপতি এপিএ, শুদ্ধাচার কাঠামোয় ইনোভেশন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের সকল প্রমাণক প্রধান কার্যালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য উপমহাপরিদর্শকগণকে নির্দেশনা প্রদান করেন। | এপিএ, শুদ্ধাচার কাঠামোয় ইনোভেশন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের সকল প্রমাণক প্রধান কার্যালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে উপমহাপরিদর্শকগণকে প্রদান করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। প্রধান কার্যালয়ের ইনোভেশন টিম |
| ১১। | ডি/ই-ফাইলিং | সভাপতি উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে সকল কার্যক্রম শতভাগ ডি/ই-ফাইলের মাধ্যমে সম্পন্ন করার জন্য সকল উপমহাপরিদর্শকে নির্দেশনা প্রদান করেন এবং প্রতিটি কার্যালয়কে ডি/ই-নথিতে গৃহীত কার্যক্রম-এর শতকরা হার সংযুক্তি আকারে প্রধান কার্যালয়ের আইসিটি সেলে প্রেরণ করার এবং পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ক) উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে সকল কার্যক্রম শতভাগ ডি/ই-ফাইলের মাধ্যমে সম্পন্ন করতে হবে।<br><br>খ) প্রতিটি কার্যালয়কে ডি/ই-নথিতে গৃহীত কার্যক্রম-এর শতকরা হার সংযুক্তি আকারে প্রধান কার্যালয়ের আইসিটি সেলে প্রেরণ করতে হবে এবং পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১২। | নিজস্ব অফিস ভবন নির্মাণ | সভাপতি প্রধান কার্যালয়সহ ০৯টি উপমহাপরিদর্শকের কার্যালয় নির্মাণ প্রকল্প-এর বিষয়ে জানতে চাইলে উপমহাপরিদর্শক (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন, ফিজিবিলিটি স্টাডির কার্যাদেশে ৩১ মে ২০২৩ পর্যন্ত সময়সীমা প্রদান করা হয়েছিল। সে অনুযায়ী প্রতিষ্ঠানটি দুইবার ড্রাফট দিয়েছে। সে অনুযায়ী ফিডব্যাক প্রদান করা হয়েছে। চূড়ান্ত প্রতিবেদন খুব দ্রুত সময়ের মধ্যে জমা প্রদান করা হবে মর্মে প্রতিষ্ঠান জানিয়েছে। সভাপতি আগামী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | প্রধান কার্যালয়সহ ০৯টি উপমহাপরিদর্শকের কার্যালয় নির্মাণ প্রকল্প-এর বিষয়ে আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (**অর্থ ও** পরিকল্পনা)<br>২। উপমহাপরিদর্শক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ১৩। | SDG বিষয়ক কার্যক্রম | সভাপতি SDG বিষয়ক কার্যক্রমের অগ্রগতি জানতে চাইলে উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) বলেন, SDG বিষয়ক কার্যক্রম গ্রহণের যে ক্যালেন্ডার করা হয়েছে সে অনুযায়ী কার্যক্রম অব্যাহত রয়েছে। ইতোমধ্যে ১৯টি কার্যালয়ের সাথে SDG বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট কার্যালয়ের সাথে জুন/২০২৩ এর মধ্যে সভা করা হবে। SDG বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট পরিসংখ্যান ব্যুরোর সাথে SDG বিষয়ক কার্যক্রমের বিষয়ে যোগাযোগ অব্যাহত রেখেছেন। এছাড়া SDG বিষয়ক লিফলেট, পোস্টার ছাপানো হয়েছে এবং ৩১টি কার্যালয়ে তা প্রেরণ নিশ্চিত করা হয়েছে। সভাপতি SDG বিষয়ক কার্যক্রম অব্যাহত রাখার এবং কার্যালয় ভিত্তিক অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ক) SDG বিষয়ক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়া কার্যালয় ভিত্তিক সভার তারিখ নির্ধারণপূর্বক সভা যথাযথভাবে আয়োজন করতে হবে। SDG বিষয়ক কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>২। জনাব মনোয়ার হোসেন পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা |
| ১৪। | পরিবহন ব্যয় ও জ্বালানির ব্যবহার | ক) সভাপতি পরিবহন ব্যয় ও জ্বালানির ব্যবহারের ক্ষেত্রে সরকারি অর্থ, পিপিএ এবং পিপিআর ও আর্থিক নিয়মাচার অনুযায়ী সর্বোচ্চ স্বচ্ছতার সাথে ব্যয় নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।<br>খ) প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রদানকৃত নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানী ব্যয় নিশ্চিত করতে হবে। | ক) পরিবহন ব্যয় ও জ্বালানির ব্যবহারের ক্ষেত্রে সরকারি অর্থ, পিপিএ এবং পিপিআর ও আর্থিক নিয়মাচার অনুযায়ী সর্বোচ্চ স্বচ্ছতার সাথে ব্যয় নিশ্চিত করতে হবে।<br>খ) প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রদানকৃত নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানী ব্যয় সাশ্রয় নিশ্চিত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১৫। | ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির কার্যক্রম | ক) সভাপতি ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) সভাকে জানান যে, জেলা প্রশাসক মহোদয়ের সভাপতিত্বে আঞ্চলিক ক্রাইসিস প্রতিরোধ কমিটির সভা ০৪ (চার) জেলায় (ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম) অনুষ্ঠিত হয়েছে এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। এছাড়া জেলা শ্রম ক্রাইসিস প্রতিরোধ কমিটির সভা উপমহাপরিদর্শকের কার্যালয় রাজশাহী, বরিশাল, সিলেট, কুষ্টিয়া, বগুড়া, নওগাঁ, জামালপুর ও যশোরে অনুষ্ঠিত হয়েছে এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে।<br><br>নবগঠিত ৮টি জেলাসহ সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে শ্রম শাখার ২৪/১০/২০২২ খ্রি: তারিখের প্রজ্ঞাপন অনুসারে ক্রাইসিস কমিটির সভা আহবানের জন্য বিগত ৪০.০১.০০০০.১০২.০৬.০১৩.২১.৭৯ নং স্মারকে ০৭/০৩/২০২৩ খ্রি: তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি কমিটির কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।<br><br>সভাপতি ৬৪টি জেলায় ক্রাইসিস কমিটির সভা অনুষ্ঠিত হয় কিনা তার তথ্য ৩১টি কার্যালয়ের মাধ্যমে সংগ্রহপূর্বক যেসকল জেলায় সভা অনুষ্ঠিত হয়না সেসকল জেলায় যাতে সভা হয় তার তথ্য মন্ত্রণালয়কে জানানো এবং সভা আয়োজনের জন্য মন্ত্রণালয় কর্তৃক পত্র প্রেরণের জন্য উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)-কে পত্র প্রদানের নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে প্রধান কার্যালয়সহ ৩১টি কার্যালয়ে শ্রম অসন্তোষ নিরসন ও এ সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য কন্ট্রোল রুম স্থাপনের এবং ক্রাইসিস কমিটির সভা আহবান করে সভার কার্যক্রম অবহিত করার নির্দেশনা প্রদান করেন। | ক) উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির সভা নিয়মিত হয় কিনা সে বিষয়ে তদারকি করবেন এবং সভা হলে সভায় গৃহীত গুরুত্বপূর্ণ আলোচনাসমূহ সভায় উপস্থাপন করবেন।<br><br>খ) ৬৪টি জেলায় ক্রাইসিস কমিটির সভা অনুষ্ঠিত হয় কিনা তার তথ্য ৩১টি কার্যালয়ের মাধ্যমে সংগ্রহপূর্বক যেসকল জেলায় সভা অনুষ্ঠিত হয়না সেসকল জেলায় যাতে সভা হয় তার তথ্য মন্ত্রণালয়কে অবগত করতে হবে এবং সভা আয়োজনের জন্য মন্ত্রণালয় কর্তৃক পত্র প্রেরণের জন্য উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)-কে পত্র প্রদান করতে হবে।<br><br>গ) উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)-কে ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির সভা অনুষ্ঠিতের তথ্য ছক আকারে প্রতিটি সভায় উপস্থাপন করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিদর্শক<br><br>২। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>৩। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | ঘ) অতিরিক্ত মহাপরিদর্শকের সভাপতিত্বে গঠিত শ্রম অসন্তোষ নিরসনে ক্রাইসিস ম্যানেজমেন্ট সংক্রান্ত কমিটির কার্যক্রম পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ঙ) পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে প্রধান কার্যালয়সহ ৩১টি কার্যালয়ে শ্রম অসন্তোষ নিরসন ও এ সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য কন্ট্রোল রুম স্থাপন করতে হবে এবং ক্রাইসিস কমিটির সভা আহবান করে সভার কার্যক্রম অবহিত করতে হবে। | |
| **১৬।** | শুদ্ধাচার | সভাপতি ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোর অন্তর্ভুক্ত সকল সূচকে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করার নির্দেশনা প্রদান করেন। | ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোর অন্তর্ভুক্ত সকল সূচকে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে প্রমাণকসহ শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল) |
| ১৭। | কোভিড-১৯ | সভাপতি কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন ও পরিদর্শন অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য প্রটোকলসহ সকল স্বাস্থ্য বিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে। | উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১৮। | প্রকল্পসমূহ :<br><br>ক) ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন (২য় সংশোধিত) প্রকল্প | ক) সভাপতি ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন (২য় সংশোধিত) প্রকল্প-এর অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন, ইতোমধ্যে প্রকল্পের ২য় সংশোধনী অনুমোদন করা হয়েছে, প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। ময়মনসিংহ কার্যালয়ের উর্ধ্বমুখী সম্প্রসারণের কাজ সমাপ্ত হয়েছে এবং উপমহাপরিদর্শক, ময়মনসিংহ পিডব্লিউ-এর কাছ থেকে উর্ধ্বমুখী সম্প্রসারণের কার্যক্রম বুঝে নিয়েছেন। রংপুরের সম্প্রসারণের কাজ সম্পন্ন হয়েছে, খুব শীঘ্রই উর্ধ্বমুখী সম্প্রসারণের কার্যক্রম বুঝে নেওয়া হবে। পাবনার জমি অধিগ্রহণের বিষয়ে ২৩-০৫-২০২৩ তারিখে মূল্য নির্ধারণ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। যশোর কার্যালয়ের জন্য জমি অধিগ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি উর্ধ্বমুখী সম্প্রসারণের কার্যক্রম অব্যাহত রাখার এবং কার্যক্রম সন্তোষজনক গতিতে না হলে সংশ্লিষ্ট অফিসকে পত্র মারফত জানিয়ে মহাপরিদর্শক ও প্রকল্প পরিচালককে অবহিত করার নির্দেশনা প্রদান করেন। | ক. প্রকল্প পরিচালক-কে পরবর্তী সভায় ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন ২য় সংশোধিত) প্রকল্প-এর অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ১। প্রকল্প পরিচালক,<br><br>ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন (২য় সংশোধিত) প্রকল্প<br><br>২। প্রকল্প পরিচালক,<br><br>"NOSHTRI" স্থাপন প্রকল্প<br><br>৩। জিআইজেড<br><br>বিষয়ক প্রকল্প-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br><br>৪। আইএলও-আরএমজি<br><br>(২য় পর্যায়)<br><br>প্রকল্প-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br><br>৫। প্রকল্প পরিচালক, বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট |
| | খ) "NOSHTRI" স্থাপন প্রকল্প | খ) সভাপতি "NOSHTRI" স্থাপন প্রকল্প-এর অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। আশা করা যাচ্ছে সেপ্টেম্বরের মধ্যে অসমাপ্ত কাজ সমাপ্ত করা যাবে। এছাড়া ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পের জন্য ৫০ কোটি ১১ লক্ষ টাকা পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে। প্রকল্প পরিচালক বলেন, সেনা কল্যাণ সংস্থা তাদের কিছু বকেয়া বিল প্রাপ্তির জন্য বিল দাখিল করতে চাইছেন সেক্ষেত্রে দাখিলকৃত বিল যাচাই বাছাই করে পরিশোধ করার বিষয়টি বিবেচনায় নেওয়া যেতে পারে। এক্ষেত্রে ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন (২য় সংশোধিত) প্রকল্প-এর যদি অব্যয়িত টাকা থাকে তবে "NOSHTRI" স্থাপন প্রকল্পের জন্য অর্থ উপযোজন করে বরাদ্দ দেওয়া যায় কিনা এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে একটি পত্র প্রেরণ করা যেতে পারে। সভাপতি প্রস্তাবটিতে একমত পোষণ করেন এবং প্রস্তাবটি বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালককে | খ) সেনা কল্যাণ সংস্থা তাদের কিছু বকেয়া বিল প্রাপ্তির জন্য বিল দাখিল করলে দাখিলকৃত বিল যাচাই বাছাই করে পরিশোধ করার বিষয়টি বিবেচনায় নেওয়া হবে। এক্ষেত্রে ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন (২য় সংশোধিত) প্রকল্প-এর যদি অব্যয়িত টাকা থাকে তবে "NOSHTRI" স্থাপন প্রকল্পের জন্য অর্থ উপযোজন করে বরাদ্দ দেওয়া যায় কিনা এ বিষয়ে প্রশাসনিক | |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয়ে একটি পত্র প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা প্রকল্প পরিচালককে গ্রহণ করতে হবে এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | সিস্টেম চালুকরণ (এলআইএমএস)<br><br>৬। উপমহাপরিদর্শক (সেইফটি) |
| | গ) বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ (এলআইএমএস) প্রকল্প | গ) সভাপতি বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ (এলআইএমএস) প্রকল্প-এর অগ্রগতি জানতে চাইলে উপ প্রকল্প পরিচালক জনাব মুমিন জানান যে, মেয়াদকাল ০১ মে, ২০২২খ্রিঃ হতে ৩১ এপ্রিল, ২০২৫খ্রিঃ ও প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ৩৩৬৭.৫৭ লক্ষ (তেত্রিশ কোটি সাতষট্টি লক্ষ সাতান্ন হাজার) টাকা। প্রশাসনিক আদেশ জারি করা ২৫ জুলাই, ২০২২খ্রিঃ। উক্ত প্রকল্পের আওতায় মূল কার্যক্রম হিসেবে পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে টি গার্ডেন, গার্মেন্টস, ফার্মাসিটিক্যাল, ট্যানারী, জাহাজভাঙ্গা ও অপ্রাতিষ্ঠানিক সেক্টরে ৩,০০,০০০ (তিন লক্ষ) শ্রমিককে সনাক্তকরণ নম্বর প্রদান ও আইডি কার্ড বিতরণ করা হবে। প্রকল্পের প্রধান উদ্দেশ্য শ্রমিকের আইডিকার্ড ও তথ্য সংগ্রহের নিমিত্তে মূল কার্যক্রম হলো পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন। গত ০৯ ফেব্রুয়ারি, ২০২৩খ্রিঃ পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। প্রকল্পটি মূলত প্রথম ১০ মাসে Software Apps Development, Testing; পরবর্তী ০৮ মাসে প্রশিক্ষণ ও শ্রমিকদের তথ্য সংগ্রহ এবং পরবর্তী ০৯ মাসে তথা এপ্রিল ২০২৫ এর মধ্যে ৫০০০ প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ ও ৩ লক্ষ শ্রমিকের আইডি কার্ড বিতরণ করা হবে। এছাড়া একটি জব পোর্টাল উক্ত প্রকল্পের মাধ্যমে প্রস্তুত করা হবে। ইতোমধ্যে পরামর্শক প্রতিষ্ঠান Inception Report জমা প্রদান করেছে যা প্রকল্প কার্যালয়ের কর্মকর্তা ও টেন্ডার ডকুমেন্ট এর শর্তানুযায়ী বুয়েটের আইআইসিটি বিভাগের অধ্যাপক যাচাই-বাছাই করে চূড়ান্ত করেছে। Time | গ) বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (এলআইএমএস) চালুকরণ প্রকল্প-এর অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ৭। ডেনিশ প্রকল্প-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br><br>৮। NOSHTRI বিষয়ক কমিটির সকল সদস্য<br><br>৯। উপমহাপরিদর্শক (আইএসইউ)<br><br>১০। উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)<br><br>১১। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br><br>১২। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | Bound Action Plan অনুযায়ী ১৫ জুন এর মধ্যে SRS চূড়ান্ত করতে হবে। এ লক্ষ্য বিভিন্ন Stakeholder এর সাথে কারিগরি আলোচনা চলমান আছে। এছাড়া পিআইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী একটি Time Bound Action Plan এবং ভৌত অগ্রগতি পরিমাপের জন্য Work Breakdown Structure (WBS) প্রস্তুত করা হয়েছে। বিগত ০৯ মে সচিব মহোদয়ের সভাপতিত্বে পি.এস.সি. সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া চতুর্থ কিস্তির অর্থ ছাড়ের জন্য গত ১৪ মে মন্ত্রনালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। SRS প্রিপারেশন এর জন্য বিভিন্ন স্টেক হোল্ডারদের নিয়ে গত ১৭ মে FARS এ একটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের কার্যক্রম Time Bound Action Plan অনুযায়ী চলমান রয়েছে। টি সেক্টর, শিপ ব্রেকিং ও অপ্রতিষ্ঠানিক খাতের শ্রমিকদের সংযুক্ত করার জন্য অধিকতর দিক নির্দেশনার প্রয়োজন। এ ছাড়া তিন লক্ষ শ্রমিক কোন কোন সেক্টর থেকে বাছাই করা হবে তা PIC ও PSC সভায় আলোচনা করা যেতে পারে। এ সংক্রান্ত কার্যক্রমে আগামী অর্থ বছরে জরিপ কোডে ৪০ লক্ষ টাকা বরাদ্দ আছে যা মহাপরিদর্শক মহোদয়ের সাথে বিস্তারিত আলোচনা করে TOR প্রস্তুত করে টেন্ডার আহবান করা প্রয়োজন। সভাপতি কার্যক্রম অব্যাহত রাখার এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | | |
| | ঘ) জিআইজেড বিষয়ক প্রকল্প | ঘ) সভাপতি জিআইজেড বিষয়ক প্রকল্প-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে ১. Programme for Sustainability in the Textile and Leather Sector" -STILE; ২. Social Protection for Workers in the Textile and Leather Sector এবং ৩. Good Working Conditions in Tanneries (GOTAN); প্রকল্পসমূহের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ঘ) জিআইজেড বিষয়ক প্রকল্প- ১. Programme for Sustainability in the Textile and Leather Sector" -STILE; ২. Social Protection for | |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | Workers in the Textile and Leather Sector; এবং ৩. Good Working Conditions in Tanneries (GOTAN)-এর অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| | ঙ) ডেনিশ প্রকল্প (Improving the Health & Safety of workers in Bangladesh through the Strengthing of Labour Authorities) | ঙ) সভাপতি ডেনিশ প্রকল্প (Improving the Health & Safety of workers in Bangladesh through the Strengthing of Labour Authorities)-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ঙ) ডেনিশ প্রকল্প (Improving the Health & Safety of workers in Bangladesh through the Strengthing of Labour Authorities)-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| | চ) আইএলও-আরএমজি (২য় পর্যায়) প্রকল্প | চ) সভাপতি আইএলও-আরএমজি (২য় পর্যায়) প্রকল্প-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | চ) আইএলও-আরএমজি (২য় পর্যায়) প্রকল্প-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| | ছ) ILO Road Map+ European Union NAP বাস্তবায়ন | ছ) সভাপতি ILO Road Map+ European Union NAP বাস্তবায়ন সংক্রান্ত সকল বাস্তবায়ন অগ্রগতি হালনাগাদকৃত তথ্য উপমহাপরিদর্শক (সেইফটি)-কে পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ছ) ILO Road Map+ European Union NAP বাস্তবায়ন সংক্রান্ত সকল বাস্তবায়ন অগ্রগতি হালনাগাদকৃত তথ্য উপমহাপরিদর্শক (সেইফটি)-কে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১৯। | আহত/নিহত শ্রমিকের অনুদান প্রাপ্তি | সভাপতি আহত/নিহত শ্রমিকের অনুদান প্রাপ্তির তথ্য সভায় উপস্থাপন করতে বললে উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) বলেন,<br>▪ বগুড়ায় ১৪/১২/২০২১ খ্রি: তারিখে বি আই আর এস প্লাস্টিক ইন্ডাস্টিজ লিমিটেড এর দূর্ঘটনায় তালিকাভুক্ত ০৫ (পাঁচ) জন শ্রমিক কর্মরত অবস্থায় দূর্ঘটনাজনিত কারণে মৃত্যুবরণ করায় মৃতদেহ পরিবহন ও সৎকার পরবর্তী সময়ে আর্থিক সহয়তার উদ্দেশ্যে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের শ্রমিক কল্যাণ তহবিল হতে আর্থিক সহায়তার আবেদন করেন। উক্ত আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র প্রয়োজনীয় কার্যার্থে ৪০.০১.০০০০.১০২.৩৭.০০৯.১৭.২৩৪ নং স্মারকের ২৭ জানুয়ারী ২০২২ খ্রি: তারিখে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে প্রেরণ করা হয়।<br>▪ আইডিয়াল টেক্সটাইল মিলস লি: লিমিটেড এর দূর্ঘটনায় তালিকাভুক্ত ০৫ (পাঁচ) জন শ্রমিক কর্মরত অবস্থায় দূর্ঘটনাজনিত কারণে মৃত্যুবরণ করায় মৃতদেহ পরিবহন ও সৎকার পরবর্তী সময়ে আর্থিক সহায়তার উদ্দেশ্যে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের শ্রমিক কল্যাণ তহবিল হতে আর্থিক সহায়তার আবেদন করেন। উক্ত আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র প্রয়োজনীয় কার্যার্থে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে প্রেরণ করা হয়।<br>▪ সীমা অক্সিজেন লিমিটেড, কদমরসুল, সীতাকুন্ড, চট্রগ্রাম দূর্ঘটনায় ২৭ জন আহত ও নিহত ৭ জন শ্রমিককে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের মাধ্যমে মোট ২৭ লক্ষ ৫০,০০০ হাজার টাকা সহায়তা প্রদান করা হয়েছে।<br>▪ শিরিন ম্যানসন, সাইন্সল্যাব, নিউমার্কেট, ঢাকা দূর্ঘটনায় ৯ জন আহত ও নিহত ৪ জন শ্রমিককে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের মাধ্যমে মোট ১২ লক্ষ ৫০ হাজার টাকা সহায়তা প্রদান করা হয়েছে।<br>▪ ক্যাফে কুইন, সিদ্দিক বাজার, বংশাল, ঢাকা দূর্ঘটনায় ৩৬ জন আহত ও ২১ জন শ্রমিক নিহত হয়। ১৭টি চেক আহত শ্রমিকদের মধ্যে বিতরণের জন্য মন্ত্রনালয় থেকে ঢাকা কার্যালয়ে | আহত/নিহত শ্রমিকের অনুদান প্রাপ্তির হালনাগাদ তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | প্রেরণ করা হয়। প্রাপ্ত ১৭টি চেকের মধ্যে ১৫টি চেকের মাধ্যমে ১৫ জন আহত শ্রমিককে ৭ লক্ষ ৫০ হাজার টাকা সহায়তা প্রদান করা হয়েছে। বাকী ২টি চেকে নামের ভুলের কারণে মন্ত্রনালয়ে সংশোধণের জন্য ফেরত পাঠানো হয়েছে। নিহত ২১ জন শ্রমিক ও আহত বাকী ১৯ জনের তালিকা প্রস্তুত করে ঢাকা কার্যালয় থেকে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে প্রেরণ করা হয়েছে।<br>বঙ্গাবাজার, ফুলবাড়ীয়া, ঢাকা অগ্নিকান্ডে ০৮ জন আহত হয়। উক্ত দূর্ঘটনায় ৪টি মার্কেট ক্ষতিগ্রস্ত হয়। স্থানীয় ব্যবসায়ীদের বক্তব্য অনুযায়ী ৪০০০ হাজার এর মত দোকান আগুনে ভস্মীভূত হয়। সভাপতি আহত/নিহত শ্রমিকের অনুদান প্রাপ্তির হালনাগাদ তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ২০। | আউটসোর্সিং লাইসেন্সের তথ্য | সভাপতি কার্যালয়ভিত্তিক আউটসোর্সিং লাইসেন্সের তালিকার তথ্য জানতে চাইলে উপমহাপরিদর্শক (সাধারণ) বলেন, আউটসোর্সিং লাইসেন্সের তালিকা ইতিমধ্যেই প্রস্তুত করা হয়েছে। তা সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের কার্যালয়ে দ্রুত সময়ের মধ্যে প্রেরণ করা হবে। সভাপতি পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | কার্যালয়ভিত্তিক আউটসোর্সিং লাইসেন্সের তালিকা প্রস্তুতপূর্বক তা সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের কার্যালয়ে দ্রুত সময়ের মধ্যে উপমহাপরিদর্শক (সাধারণ শাখা) প্রেরণ করবেন এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সাধারণ) |
| ২১। | শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে জমাকৃত অর্থ | ক) সভাপতি নিয়মিত পরিদর্শনকালে পরিদর্শকগণ অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে কলকারখানা/প্রতিষ্ঠান কর্তৃক আইন ও বিধি মোতাবেক শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।<br>খ) সভাপতি এক্সেল শীটে জমাকৃত টাকার পরিমাণ সংরক্ষণ করার ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান | ক) নিয়মিত পরিদর্শনকালে পরিদর্শকগণ অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে কলকারখানা/প্রতিষ্ঠান কর্তৃক আইন ও বিধি মোতাবেক শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিত করবেন।<br>খ) এক্সেল শীটে জমাকৃত টাকার পরিমাণ সংরক্ষণ করতে হবে। পরবর্তী | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | করেন। | সভায় এ সংক্রান্ত তথ্য উপস্থাপন করতে হবে। | |
| ২২। | প্রতিটি কারখানার জন্য পৃথক নথি সংরক্ষণ | সভাপতি উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোতে প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ, ই-নথিতে এ পর্যন্ত কতগুলো নথি সংরক্ষণ করা হয়েছে তা সংশ্লিষ্ট শাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন এবং নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে সচিবালয় নির্দেশিকা, ২০১৪ অনুসরণ করার নির্দেশনা প্রদান করেন। | ক) উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোতে প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করতে হবে এবং ই-নথিতে এ পর্যন্ত কতগুলো নথি সংরক্ষণ করা হয়েছে তার তথ্য সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে।<br><br>খ) এছাড়া নথি ব্যবস্থাপনার ক্ষেত্রে সচিবালয় নির্দেশিকা, ২০১৪ অনুসরণ করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |
| ২৩। | প্রতিটি কারখানার পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ | সভাপতি বলেন, অনেক ক্ষেত্রেই কারখানার পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করার বিষয়টি দেখা যাচ্ছে না যা সমীচীন নয়। সভাপতি নিয়মিত পরিদর্শন কার্যক্রম আরও কার্যকর করার নিমিত্ত প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের জন্য পরিদর্শন রেজিস্টার সংরক্ষণে সকল উপমহাপরিদর্শকগণদের নির্দেশনা প্রদান করেন। | নিয়মিত পরিদর্শন কার্যক্রম আরও কার্যকর করার নিমিত্ত প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের জন্য সকল উপমহাপরিদর্শকগণদের পরিদর্শন রেজিস্টার সংরক্ষণের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৪। | ইপিজেড এবং এসইপিজেড পরিদর্শন | ক) সভাপতি ইপিজেড এবং এসইপিজেড-এর কারখানাসমূহ বিধি মোতাবেক পরিদর্শন করার জন্য সকল উপমহাপরিদর্শক কার্যালয়ের উপমহাপরিদর্শকগণকে নির্দেশনা প্রদান করেন এবং এ সংক্রান্ত তথ্য সঠিকভাবে সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি ইপিজেড (EPZ) পরিদর্শন বৃদ্ধির ক্ষেত্রে যে সকল কার্যালয়ের অধিক্ষেত্রাধীন ইপিজেড (EPZ) আছে সে সকল ইপিজেড অন্তত এক বার পরিদর্শন করে প্রতিবেদনের অনুলিপি মনিটরিং ও মূল্যায়ন শাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | ইপিজেড এবং এসইপিজেড- এর কারখানাসমূহ নতুন ফরমেটে বিধি মোতাবেক পরিদর্শন করতে হবে এবং সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের কার্যালয় ভিত্তিক পরিদর্শনের প্রতি মাসের তথ্য সঠিকভাবে পরবর্তী সভার পূর্বে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৫। | Task | ক) সভাপতি Task Force এর সদস্য সচিবগণ- | ক) Task Force | ১। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | Force সভা | কে ইলেকট্রিক্যাল, ফায়ার এবং স্ট্রাকচারাল বিষয়ক এই তিনটি Task Force- এর নিয়মিত সভা আহ্বানের নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনটি টাস্ক ফোর্সের কার্যক্রম পৃথক তিনটি ছকে বিস্তারিত **(সংযুক্তিসহ)** এবং সংক্ষিপ্ত আকারে **(সংখ্যাভিত্তিক তথ্য কার্যপত্রে উপস্থাপনযোগ্য)** পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি উল্লিখিত তিনটি Task Force-এর সকল তথ্য সমন্বয় করার জন্য যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)-কে নির্দেশনা প্রদান করেন। | এর সদস্য সচিবগণ-কে ইলেকট্রিক্যাল, ফায়ার এবং স্ট্রাকচারাল বিষয়ক এই তিনটি Task Force- এর নিয়মিত সভা আহ্বান করতে হবে। এছাড়া তিনটি টাস্ক ফোর্সের কার্যক্রম পৃথক তিনটি ছকে বিস্তারিত **(সংযুক্তিসহ)** এবং সংক্ষিপ্ত আকারে **(সংখ্যাভিত্তিক তথ্য কার্যপত্রে উপস্থাপনযোগ্য)** পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) তিনটি Task Force-এর সকল তথ্য যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)-কে সমন্বয় করতে হবে। | যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)<br><br>২। Task Force এর সদস্য সচিবগণ |
| ২৬। | মনিটরিং টিম-এর কার্যক্রম | উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) সভায় জানান ২৪/০১/২০২৩ খ্রি: তারিখের ৪০.০১.০০০০.১০১.১৮.০০১.২১.৪৯ নং স্মারকে গঠিত প্রধান কার্যালয়ের ১০টি মনিটরিং টিমের মধ্যে ১০টি টিম (জানুয়ারী-জুন/২০২৩) লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০টি উপমহাপরিদর্শকের কার্যালয় পরিদর্শন সম্পন্ন করেছে এবং ৭টি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন। সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী সংশ্লিষ্টদেরকে পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে এবং প্রতিবেদন যথাসময়ে দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | প্রধান কার্যালয়ের নবগঠিত মনিটরিং টিমসমূহের লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং প্রতিবেদন যথাসময়ে দাখিল করতে হবে। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)-কে পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br><br>২। মনিটরিং টিমের সদস্যবৃন্দ |
| ২৭। | বিডার সমন্বিত | সভাপতি বিডার সমন্বিত পরিদর্শন পরবর্তী ১ম পর্যায়ে | ক) ক্যাপ বাস্তবায়নের | ১। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | পরিদর্শন পরবর্তী ১ম পর্যায়ে ৫২০৬টি কারখানার CAP বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | ৫২০৬টি কারখানার CAP বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) জানান, ২২-০৫-২০২৩ তারিখ পর্যন্ত ৫২০৬টি কারখানার মধ্যে ১৮২১টি ক্যাপ অনুমোদিত হয়ে জারি হয়ে গিয়েছে। অনুমোদনের অপেক্ষাধীন রয়েছে ১৪১টি। ক্যাপ বাস্তবায়নের ক্ষেত্রে চট্টগ্রাম, ময়মনসিংহ, খুলনা ও কুমিল্লা প্রায় শতভাগ অর্জন করায় সভাপতি তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি দ্রুত সময়ের মধ্যে অবশিষ্ট কার্যালয়সমূহ যেন CAP বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হোন সেলক্ষ্যে পত্র প্রেরণের জন্য যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)-কে নির্দেশনা প্রদান করেন। | ক্ষেত্রে চট্টগ্রাম, ময়মনসিংহ, খুলনা ও কুমিল্লা কার্যালয় প্রায় শতভাগ অর্জন করায় তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করা হ'ল।<br><br>খ) যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) দ্রুত সময়ের মধ্যে অবশিষ্ট কার্যালয়সমূহ যেন CAP বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হোন সেলক্ষ্যে সংশ্লিষ্টদেরকে পত্র প্রেরণ করবেন এবং অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করবেন। | যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |
| ২৮। | বিডার সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রম | ক) সভাপতি বিডার সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রমের ২য় পর্যায়ের ৫০০০টি কারখানা পরিদর্শনের অগ্রগতি জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) সভাকে জানান, ২২-০৫-২০২৩ তারিখ পর্যন্ত ১৩৭৫টি কারখানার পরিদর্শন সংক্রান্ত ইনপুট প্রদান করা হয়েছে। যদিও প্রায় ৩০০০টি কারখানা পরিদর্শন করা হয়েছে। সভাপতি পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী ১০ জুন ২০২৩ তারিখের মধ্যে ২য় পর্যায়ের ৫০০০টি কারখানার পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের পত্র প্রেরণের জন্য যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)-কে নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি বিধি মোতাবেক সমন্বিত পরিদর্শন খাতে বরাদ্দকৃত অর্থ নির্ধারিত সময়সীমার (অর্থ মন্ত্রণালয় কতৃক নির্ধারিত সময়) মধ্যে ব্যয়/সমন্বয় নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদেরকে পত্র প্রেরণের জন্য যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) অনুরোধ করেন। | সংশ্লিষ্টদেরকে পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী ১০ জুন ২০২৩ তারিখের মধ্যে ২য় পর্যায়ের ৫০০০টি কারখানার পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করার জন্য যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) পত্র প্রেরণ করবেন এবং অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করবেন।<br><br>খ) বিধি মোতাবেক সমন্বিত পরিদর্শন খাতে বরাদ্দকৃত অর্থ নির্ধারিত সময়সীমার (অর্থ মন্ত্রণালয় কতৃক নির্ধারিত সময়) মধ্যে ব্যয়/সমন্বয় নিশ্চিত করার জন্য | ১। যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | সংশ্লিষ্টদেরকে যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) পত্র প্রেরণ করবেন। | |
| ২৯। | বহুতল মার্কেট পরিদর্শন | সভাপতি প্রধান কার্যালয়ের যুগ্মমহাপরিদর্শকগণের সমন্বয়ে গঠিত মার্কেট পরিদর্শন বিষয়ক টিমকে মার্কেট পরিদর্শনে গতি সঞ্চারের জন্য অনুরোধ করেন। | প্রধান কার্যালয়ের যুগ্মমহাপরিদর্শকগণের সমন্বয়ে গঠিত মার্কেট পরিদর্শন বিষয়ক টিমকে মার্কেট পরিদর্শনে গতি সঞ্চার করতে হবে এবং অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিদর্শক,<br>২। যুগ্মমহাপরিদর্শক (সকল)<br>৩। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br>৪। পরিদর্শন টিমের সদস্য সচিব |
| ৩০। | মামলা সংক্রান্ত তথ্য | সভাপতি আদালত ভিত্তিক মামলার সংখ্যা অর্থাৎ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-এর পক্ষে এবং বিপক্ষে শ্রম আদালত ভিত্তিক মামলার সংখ্যা যেমন-শ্রম আপিল ট্রাইব্যুনালে কয়টি, হাইকোর্ট বিভাগে কয়টি, লিভ টু আপিল, রিভিউ তে কয়টি মামলা, প্রশাসনিক ট্রাইব্যুনাল, আপিলেট ট্রাইব্যুনালে কয়টি মামলা আছে এবং তার মধ্যে কনটেম্পট অব কোর্ট মামলা আছে কিনা, তা ছক আকারে সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | আদালত ভিত্তিক মামলার সংখ্যা অর্থাৎ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর পক্ষে এবং বিপক্ষে শ্রম আদালত ভিত্তিক মামলার সংখ্যা যেমন-শ্রম আপিল ট্রাইব্যুনালে কয়টি, হাইকোর্ট বিভাগে কয়টি, লিভ টু আপিল, রিভিউ তে কয়টি মামলা, প্রশাসনিক ট্রাইব্যুনাল, আপিলেট ট্রাইব্যুনালে কয়টি মামলা আছে এবং তার মধ্যে কনটেম্পট অব কোর্ট মামলা আছে কিনা, তা ছক আকারে সভায় উপস্থাপন করতে হবে। | জনাব মোঃ মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ৩১। | মামলার সফটওয়্যার প্রস্তুত | সভাপতি মামলার সফটওয়্যার প্রস্তুতি এবং সফটওয়্যারে মামলা সংক্রান্ত তথ্য ইনপুট বিষয়ক অগ্রগতি জানতে চাইলে যুগ্ম-মহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) বলেন, ৮৬১টি মামলার তথ্য ইনপুট প্রদান করা হয়েছে। সভাপতি দ্রুত সময়ের মধ্যে অবশিষ্ট মামলার তথ্য ইনপুট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যুগ্ম-মহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) এবং আইন কর্মকর্তা জনাব মাছুম বিল্লাহ-কে অনুরোধ করেন। | দ্রুত সময়ের মধ্যে অবশিষ্ট মামলার তথ্য ইনপুট প্রদান করতে হবে এবং অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)<br><br>২। জনাব মোঃ মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা |
| ৩২। | অডিট আপত্তি সংক্রান্ত | সভাপতি অডিট আপত্তি সংক্রান্ত অগ্রগতির বিষয়ে জানতে চাইলে উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা) সভায় জানান যে, বর্তমানে অডিট আপত্তির সংখ্যাঃ মোট-৩৭টি, SFI: **১৬টি ও** Non-SFI: **২১টি।**<br><br>১৯৭১ হতে ২০১২ সাল পর্যন্ত অডিট আপত্তির মধ্যে এপ্রিল/২৩ মাস পর্যন্ত মোট ০৮ জন কর্মকর্তার নিকট হতে ৬০,২২০/৪২ টাকা আদায় করা হয়েছে। উক্ত ০৫টি SFI অডিট আপত্তি নিষ্পত্তি লক্ষ্যে প্রমানকসহ ব্রডশীট জবাব প্রশাসনিক মন্ত্রণালয়ে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে।<br><br>শ্রম অধিদপ্তর হতে স্থায়ী ঠিকানাসহ প্রাপ্ত ০৪ জন কর্মকর্তার মধ্যে ০১ জন কর্মকর্তার ওয়ারিশের নিকট হতে ১৬,৬২৮/৪৮ টাকা আদায়পূর্বক সরকারী কোষগারে জমা প্রদান করা হয়েছে। অন্য ০১ জন কর্মকর্তার ওয়ারিশের সাথে ফোনে যোগাযোগ করা হয়েছে। অডিট আপত্তিকৃত অর্থ জমাদানের জন্য প্রেরণ করা হয়েছে।<br><br>জনাব আব্দুস সাত্তার, প্রাক্তন উপ্রপ্রধান পরিদর্শক, ঢাকা কার্যালয় এর ওয়ারিশগণের নামে পিডিআর আইনে মামলার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br><br>Audit Management and Monitoring System 2.0 (AMMS-2.0) ওয়েব সফটওয়্যার ব্যবহারের প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রশাসন শাখায় পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>বর্তমানে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন | ক) অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br><br>খ) আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে প্রচলিত নিয়ম ও বিধি পালনপূর্বক অডিট আপত্তি রয়েছে এমন ব্যক্তিদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে, অডিট আপত্তি আছে এমন ব্যক্তিদের নামে প্রয়োজনে সরকারি দাবি আদায় আইনের আওতায় বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | অধিদপ্তরের খুলনা, রাজশাহী, বগুড়া, ঢাকা, চট্টগ্রাম, গাজীপুর কার্যালয় এবং প্রধান কার্যালয়সহ মোট ০৭টি কার্যালয় হতে Audit Management and Monitoring System 2.0 (AMMS-2.0) ওয়েব সফটওয়্যারের মাধ্যমে ব্রডশীট জবাব প্রেরণের জন্য সার্বক্ষণিক যোগাযোগ করা হচ্ছে।<br><br>আগামী ২৩-০৫-২৩ তারিখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য অডিট আপত্তি নিষ্পত্তির জন্য অত্র দপ্তরের ১৬টি এসএফআই অডিট আপত্তির তথ্য প্রমাণকসহ প্রেরণ করা হয়েছে।<br><br>'জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট' শীর্ষক প্রকল্প এর অডিট আপত্তিসমূহের ব্রডশীট জবাব প্রদানের জন্য বর্তমান প্রকল্প পরিচালক মহোদয়কে পত্র প্রদান করা হয়েছে।<br><br>সভাপতি উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা)-কে অডিট নিষ্পন্ন কার্যক্রম অব্যাহত রাখার এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | | |
| ৩৩। | ডাইফের অফিসিয়াল ওয়েবসাইট আপডেট | প্রধান কার্যালয়সহ ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইট নিয়মিত আপডেট করার জন্য সংশ্লিষ্টদেরকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | প্রধান কার্যালয়সহ ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইট নিয়মিত আপডেট করতে হবে। | আইসিটি সেল, ডাইফ |
| ৩৪। | ঠিকাদারী সংস্থার লাইসেন্স ডিজিটাইজেশন | সভাপতি ঠিকাদারী সংস্থার লাইসেন্স ডিজিটাইজেশন করার ক্ষেত্রে সফটওয়্যার তৈরির গৃহীত কার্যক্রমে সংশ্লিষ্টদের মতামত সমন্বয়পূর্বক একটি কার্যকরী মাধ্যম তৈরির জন্য অতিরিক্ত মহাপরিদর্শককে অনুরোধ করেন এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ঠিকাদারী সংস্থার লাইসেন্স ডিজিটাইজেশন করার ক্ষেত্রে সফটওয়্যার তৈরির গৃহীত কার্যক্রমে সংশ্লিষ্টদের মতামত সমন্বয়পূর্বক একটি কার্যকরী মাধ্যম তৈরির জন্য অতিরিক্ত মহাপরিদর্শক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | অতিরিক্ত মহাপরিদর্শক |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ৩৫। | কর্মক্ষেত্রে ঝুঁকি নিরূপণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন | যুগ্মমহাপরিদর্শক (সেইফটি অধিশাখা) বলেন কর্মক্ষেত্রে ঝুঁকি নিরূপণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক একটি ড্রাফট তৈরি করা হয়েছে। মহাপরিদর্শক মহোদয়ের কাছে খুব দ্রুতই উপস্থাপন করা হবে। যদি কোন সংযোজন-বিয়োজনের প্রয়োজন হয় তবে তা যোগ করা যেতে পারে। সভাপতি বলেন, ড্রাফট চূড়ান্তকরণের পর তা প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে। সভাপতি দ্রুত সময়ের মধ্যে ড্রাফট চূড়ান্ত করার নির্দেশনা প্রদান করেন। | যুগ্মমহাপরিদর্শক (সেইফটি অধিশাখা)-কে কর্মক্ষেত্রে ঝুঁকি নিরূপণ কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক ড্রাফট দ্রুত সময়ের মধ্যে চূড়ান্ত করতে হবে এবং অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মমহাপরিদর্শক (সেইফটি অধিশাখা) |
| ৩৬। | সেফইটি কাউন্সিলের কার্যক্রম | সেইফটি কাউন্সিলের সদস্যদের নিয়ে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ পরিদর্শনে যান কিনা তার তথ্য পরবর্তী সভায় উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)-কে উপস্থাপন করতে হবে। | সেইফটি কাউন্সিলের সদস্যদের নিয়ে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ পরিদর্শনে যান কিনা তার তথ্য উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) সভায় উপস্থাপন করবেন। | উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) |

২। সকলের সুস্থতা কামনা করে পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/০৫/২০২৩

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-২২৬৬৬৪২০২
ig@dife.gov.bd

স্মারক নং: ৪০.০১.০০০০.১০১.০৬.০০২.২১-

তারিখ: তারিখ: ৩১ মে ২০২৩

**বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী

মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪-৬। প্রকল্প পরিচালক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠআন পরিদর্শন অধিদপ্তর

৭। জনাব সুকান্ত বসাক, সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় **(পরবর্তি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)**

৮-১২। যুগ্ম-মহাপরিদর্শক (সকল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

১৩-২১। উপমহাপরিদর্শক (সকল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

২২-৫২। উপমহাপরিদর্শক (সকল জেলা), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৩। স্টাফ অফিসার টু মহাপরিদর্শক, মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৪। সহকারি মহাপরিদর্শক (সকল), প্রশাসন ও উন্নয়ন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৫। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৬। তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৭। পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৮-৫৯। সহকারী মহাপরিদর্শক (সেইফটি)/শ্রম পরিদর্শক (সেইফটি), (ফায়ার/ইলেক্ট্রিক্যাল/স্ট্রাকচারাল) টাস্কফোর্স কমিটি, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৬০। LIMA সাপোর্ট টিম, প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৬১। জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬২। অফিস কপি।

(মোঃ মেহেদী হাসান)
উপমহাপরিদর্শক
(প্রশাসন শাখা)